3

আজকের কাগজ

তারিখ 22 NOV 1994
পৃষ্ঠা ৭ কলাম ৪

# শিক্ষার নির্দেশকসমূহ ঠিক করতে ইউনেস্কো কার্যক্রম গ্রহণ করবে

জাতিসংঘ শিক্ষা বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা (ইউনেস্কো) গত সোমবার বলেছে, শিক্ষার নির্দেশকসমূহ যথার্থ না এবং এ ব্যবস্থাকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করতে সংস্থা কার্যক্রম গ্রহণ করবে। খবর এএফপি।

ইউনেস্কো ফিলিপাইনের এশীয় উন্নয়ন ব্যাংকের সহযোগিতায় একটি প্রকল্প শুরু করছে। প্রকল্পের লক্ষ্য হলো পরিসংখ্যান সংগ্রহ, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার উন্নয়ন এবং সার্বজনীন শিক্ষা নির্দেশকসমূহ নির্ধারণ করা।

ইউনেস্কোর উপমহাপরিচালক থমাস কিলার বলেন, বর্তমান অবস্থায় শিক্ষা ক্ষেত্রে সংগৃহীত পরিসংখ্যান ও বিশ্লেষণমূলক উপাত্তসমূহ যথার্থ নয়। কারণ পরিসংখ্যান পরিচালনায় উপযুক্ত সামর্থের অভাব রয়েছে। এছাড়াও বিভিন্ন রাষ্ট্রের ওপর পরিচালিত পরিসংখ্যানসমূহ শিক্ষা ক্ষেত্রে কোনো নতুন ধারা সৃষ্টি করতে পারছে না।